গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব নিগার সুলতানা
যুগ্মসচিব (প্রশাসন)
তারিখ : ১৭.০৩.২০২৫
সময় : সকাল ১১.০০ টা (জুম অনলাইন অ্যাপ)
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

জুম অনলাইন অ্যাপে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। যুগ্মসচিব, জনাব নিগার সুলতানা সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও নিয়মিত হালনাগাদের বিষয়ে ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে এ সভা আহবান করা হয়েছে। এ পর্যায়ে তিনি সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর আওতাধীন কার্যক্রমসমূহের কর্মসম্পাদন সূচক স্পষ্টীকরণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে সূচকের মান নির্ণয়ের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সভা আয়োজন, সিটিজেন চার্টার হালনাগাদকরণ, কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন সম্পর্কে অধিদপ্তর/ দপ্তর/সংস্থার ফোকাল কর্মকর্তাগণকে অবহিত করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| নং | দপ্তর/সংস্থার নাম | আলোচনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন ও সিটিজেন চার্টার হালনাগাদ করে এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে। এছাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে ০৪.১২.২০২৪ এবং ১১.১২.২০২৪ তারিখে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| ২. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জানায় যে, সেবা প্রদান প্রতিশ্রুতি My Gov এর আওতায় আনা হয়েছে এবং তাদের ১১টি সেবা চলমান অবস্থায় রয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| ৩. | বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন গত ০৩.১২.২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করেছেন। | বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন |
| ৪. | বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট | বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট জানায় তাদের কোন সিটিজেন চার্টার নেই। তারা তাদের সিটিজেন চার্টার তৈরি করছেন এবং আগামী সভায় তারা একটি খসড়া সিটিজেন চার্টার উপস্থাপন করবেন। | বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট |
| ৫. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জানায় তাদের সিটিজেন চার্টার আপডেট করা নেই। এছাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট |
| ৬. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ এবং ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়নি। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |
| ৭. | বাংলাদেশ বেতার | ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ এবং ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। | বাংলাদেশ বেতার |
| ৮. | বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট | ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ এবং ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। | বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট |
| ৯. | বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড | ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ এবং ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। | বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড |
| ১০. | প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ | ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ এবং ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। | প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ |

০২। সিদ্ধান্ত:

- ত্রৈমাসিকভিত্তিতে সব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে উপস্থাপন করতে হবে এবং এ বিষয়ে অধীনস্থ দপ্তরসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।
- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে।
- প্রকৃত অর্থে সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত তদারকি করতে হবে।
- কোন কর্মকর্তা বদলী হলে দ্রুততম সময়ে ওয়েবসাইটে আপডেট করতে হবে।
- তথ্য অধিদফতর, তথ্য কমিশন, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ প্রেস কাউন্সিল, গণযোগাযোগ অধিদপ্তর এবং বাংলাদেশ সংবাদ সংস্থার কোন প্রতিনিধি জুম মিটিং-এ অংশগ্রহণ না করায় পরবর্তী সভায় তাদের অংশগ্রহণের অনুরোধ জানানো হলো।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(নিগার সুলতানা)
যুগ্মসচিব (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং: ১৫.০০.০০০০.০১৪.১৮.০০৮.২৪. ৫৫৫/(৫৫)

তারিখ: ১০ চৈত্র ১৪৩১ / ২৪ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (দৃ:আ: সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা)।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৪/০৩/২৫
(শাহেদ মোস্তফা)
উপসচিব (প্রশাসন-১)

D:\ADMIN-1\Cabinet\Citizen Charter\Citizens Minutes.doc55